

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি আপীল বোর্ড
শাখা নং-১ (প্রশাসন)
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং: ৩১.৮২.০০০০.০০১.১১.০০১.২৫.১৬২

তারিখ: ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

নিয়োগ পত্র

“ভূমি আপীল বোর্ডের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৩” অনুযায়ী রাজস্ব খাতভুক্ত “ক্যাশিয়ার” পদে ১৬ তম
গ্রেডে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী (৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-
১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০/- টাকা বেতন স্কেলে) নিম্নোক্ত কর্মচারীকে উল্লিখিত শর্ত
সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা ও মোবাইল নম্বর
১.	1300116	নাম: সমাপ্তি রানী দাস পিতা : বাসু দাস মাতা : পূর্ণিমা দাস	সাং-উত্তর বিরাংগল, ডাকঘর-ধুরাইল, থানা-মাদারীপুর সদর, জেলা-মাদারীপুর। মোবাইল: ০১৭২১০৩২১৩১

নিয়োগের শর্তাবলী :

- (ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি যে কোন সময় অসত্য প্রমাণিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে।
- (গ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।
- (ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।
- (ঙ) নিয়োগপত্রে উল্লিখিত বেতন স্কেল সরকারের আদেশে যে কোন সময় পরিবর্তিত হতে পারে এবং নিয়োগকৃত পদের পুনর্নির্ন্যাস ও নতুন নামকরণ করা যাবে।
- (চ) অন্য দপ্তর বা সংস্থায় কর্মরত প্রার্থীকে কাজে যোগদানের সময় পূর্ববর্তী দপ্তর/সংস্থার ছাড়পত্র অবশ্যই দাখিল করতে হবে, নতুবা যোগদানপত্র গ্রহণ করা হবে না। এছাড়া যোগদানের সময় নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র এবং অনলাইন আবেদনের রঙিন কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদ, ১ম শ্রেণির (গেজেটেড) কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

- (ছ) নিয়োগপ্রাপ্ত কর্মচারী আইন বিরোধী এবং রাষ্ট্রবিরোধী কোনো কর্মকাণ্ডে লিপ্ত হবেন না মর্মে যোগদানের সময় লিখিত ঘোষণাপত্র প্রদান করবেন।
- (জ) নিয়োগপ্রাপ্ত কর্মচারী তাঁর নিজের জন্য ও পরিবারের অন্যান্য সদস্যদের জন্য যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না মর্মে ঘোষণাপত্র প্রদান করবেন।
- (ঝ) নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তীতে নির্ধারিত মেয়াদের জন্য প্রশিক্ষণ গ্রহণ করবেন।
- (ঞ) নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে যোগদানের পর সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে দায়িত্ব পালন করতে হবে।
- (ট) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় (খরচে) শারীরিক যোগ্যতা সম্পর্কে স্ব-স্ব জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র ও "ডোপ টেস্ট" সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্ট প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- (ঠ) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে এবং নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নির্ধারিত হবে।
- (ড) শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি যোগদানের সময় দেখাতে হবে এবং সদ্য তোলা সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি যোগদানপত্রের সাথে জমা দিতে হবে।
- (ঢ) চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখ চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


স্বাক্ষরিত/-
০৫/০৪/২০২৬
(ড. মো: মাহমুদ হাসান)
চেয়ারম্যান
ভূমি আপীল বোর্ড

স্মারক নং: ৩১.৮২.০০০০.০০১.১১.০০১.২৫.১৬২

তারিখ: ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সদস্য-খ অঞ্চল ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, ভূমি আপীল বোর্ড।
৪. সদস্য-ক অঞ্চল, ভূমি আপীল বোর্ড, ঢাকা।
৫. শাখা প্রধান.....(সকল), ভূমি আপীল বোর্ড।
৬. চেয়ারম্যান মহোদয়-এঁর একান্ত সচিব, ভূমি আপীল বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ হাউজ বিল্ডিং (৬ষ্ঠ তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৮. জনাব সমাপ্তি রানী দাস, পিতা- বাসু দাস, সাং- উত্তর বিরাংগল, ডাকঘর: ধুরাইল, থানা- মাদারীপুর সদর, জেলা: মাদারীপুর।
(মোবাইল: ০১৭২১০৩২১৩১)
৯. হিসাব শাখা, ভূমি আপীল বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।


(পুলক কান্তি চক্রবর্তী)
সচিব
ভূমি আপীল বোর্ড, ঢাকা
ফোন : +৮৮০২-৪১০২৫৪৮৩